



১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২৪৭৭

তারিখ: ২৩/০৫/২০২২

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয়: বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণেচ্ছু ১১ ও ১২ ব্যাচের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৯ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমিস্টারের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় অনুমোদিত সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী বিএ এবং বিএসএস প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ ১১ এবং ১২ ব্যাচের ৭০% কোর্স/বিষয় সম্পন্নকারী শিক্ষার্থীদের মধ্যে (তালিকা সংযুক্ত) যে সকল শিক্ষার্থী বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২০ এ DeNovo রেজিস্ট্রেশন এর মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে অনলাইনে মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে ফি জমা দিতে হবে। DeNovo সংক্রান্ত আবেদন exam.bou.ac.bd ওয়েব সাইটে 'পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা' লিংকে পাওয়া যাবে।


DeNovo রেজিস্ট্রেশন ফি নিম্নরূপ:

কোর্স ফি (প্রতি কোর্স)	৭৩৫/-
রেজিস্ট্রেশন ফি (প্রতি সিমিস্টার)	২০০/-
পরীক্ষার ফি (প্রতি কোর্স)	৭৫/-
সাময়িক সনদপত্র ফি	৩০০/-
নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি	৪০০/-
প্রশংসাপত্র ফি	১০০/-
একাডেমিক ক্যালেন্ডার ফি	৫০/-
পুনঃপরীক্ষার ফি (DeNovo ২য় বার পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে)	১২০/-

উল্লেখ্য, DeNovo রেজিস্ট্রেশনকৃত ১২ ব্যাচের শিক্ষার্থীদের বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণের ১ম সুযোগ এবং ১১ ব্যাচের শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।


পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

সংযুক্তি : বর্ণনামতে।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে:

১. ডীন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৪. উপ-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৬. সংরক্ষণ নথি।

